

আল-আলাক | Al-Alaq | اَلْعَلَق

আয়াতঃ ৯৬ : ১০

আরবি মূল আয়াত:

عَبْدًا إِذَا صَلَّى ﴿١٠﴾

অনুবাদসমূহ:

এক বান্দাকে, যখন সে সালাত আদায় করে? — আল-বায়ান

এক বান্দাহকে [অর্থাৎ রসূলুল্লাহ (সা.)-কে] যখন সে নামায আদায় করতে থাকে? — তাইসিরুল

এক বান্দাকে যখন সে সালাত আদায় করে? — মুজিবুর রহমান

A servant when he prays? — Sahih International

১০. এক বান্দাকে(১)—যখন তিনি সালাত আদায় করেন।

(১) বান্দা বলতে এখানে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বুঝানো হয়েছে। [কুরতুবী] এ পদ্ধতিতে কুরআনের কয়েক জায়গায় তার উল্লেখ করা হয়েছে। যেমন “পবিত্র সেই সত্তা যিনি তার বান্দাকে নিয়ে গিয়েছেন এক রাতে মসজিদে হারাম থেকে মসজিদে আকসার দিকে।” [সূরা আল-ইসরা: ১]। আরও এসেছে, “সমস্ত প্রশংসা সেই সত্তার যিনি তাঁর বান্দার ওপর নাযিল করেছেন কিতাব।” [সূরা আল-কাহফ: ১] আরও বলা হয়েছে, “আর আল্লাহর বান্দা যখন তাকে ডাকার জন্য দাঁড়ালো তখন লোকেরা তার ওপর ঝাঁপিয়ে পড়ার জন্য তৈরি হলো।” [সূরা আল-জিন্ন: ১৯]

তাফসীরে জাকারিয়া

১০। এক বান্দা (রসূলুল্লাহ)কে যখন সে নামায আদায় করে? [১]

[১] ব্যাখ্যাভাগে বলেছেন, বারগকারী বলতে আবু জাহলকে বোঝানো হয়েছে, যে ইসলামের চরম শত্রু ছিল। আর ‘বান্দা’ বলতে নবী (সাঃ)-কে বোঝানো হয়েছে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=6116>

হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন